

বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) প্রকল্পের আওতায় দিনাজপুর জেলাধীন ফুলবাড়ী উপজেলার
প্রকল্প বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মো: আব্দুস সালাম চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ী, দিনাজপুর।
স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,
ফুলবাড়ী, দিনাজপুর।
তারিখ- : ১৯/১১/২০১৮ খ্রি:।
সময় : সকাল ১০:০০ ঘটিকা

উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট -ক.

সভাপতি সভার উপস্থিত সম্মানিত সকল সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতি ২০১৭-২০১৮ অর্থ বছরে “বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচি বাস্তবায়নের জন্য গত ২৪/০৯/২০১৮ খ্রি: তারিখের সভার কার্যবিবরণীটি পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা গৃহীত হয়। সভায় বিস্তারিত আলোচনা ও সংশ্লিষ্ট উপ কমিটির সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বিস্তারিত আলোচনান্তে সফলভাবে প্রকল্প বাস্তবায়নের লক্ষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গ্রহণ করা হলো:

- ১। শিক্ষা বৃত্তি খাত হতে সংশ্লিষ্ট উপ কমিটির সুপারিশের প্রেক্ষিতে প্রাক প্রাথমিক - ৫ম শ্রেণি পর্যায় ২০০/- টাকা হারে ২৪৫ জন শিক্ষার্থী (তালিকা পরিশিষ্ট - “খ”), ৬ষ্ঠ- দশম শ্রেণি পর্যায় ৫০০/- টাকা হারে ৩৬৬ জন শিক্ষার্থী (তালিকা পরিশিষ্ট - গ) একাদশ- দ্বাদশ শ্রেণি পর্যায় ৮০০/- টাকা হারে ৪৫ জন শিক্ষার্থী (তালিকা পরিশিষ্ট - ঘ) ও গ্রাজুয়েশন (বিশ্ববিদ্যালয়, মেডিক্যাল, প্রকৌশলী) পর্যায় ১,৫০০/- টাকা হারে ৮৮ জন শিক্ষার্থীকে (তালিকা পরিশিষ্ট - ঙ) বৃত্তি প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো।
- ২। মাধ্যমিক/ উচ্চ শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের শিক্ষা উপকরণ বিতরণ উপ কমিটির সুপারিশের প্রেক্ষিতে ১০০ জন শিক্ষার্থীকে শিক্ষা উপকরণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হলো। (তালিকা পরিশিষ্ট - চ)
- ৩। সেলাই মেশিন বিতরণ প্রকল্প বাস্তবায়ন উপ কমিটির সুপারিশের প্রেক্ষিতে ২০ জন প্রশিক্ষণার্থীকে সেলাই প্রশিক্ষণ ও প্রশিক্ষণ শেষে সেলাই মেশিন বিতরণের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো। (তালিকা পরিশিষ্ট - ছ)
- ৪। সেলাই মেশিন ও শিক্ষা উপকরণ ক্রয়ের নিমিত্ত নিম্নোক্তভাবে পিআইসি কমিটি গঠনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হলো করা হলো

সেলাই মেশিন ক্রয়:

ক্র: নং	নাম ও পদবি	ঠিকানা	পদবি
১	উপজেলা প্রকৌশলী	ফুলবাড়ী, দিনাজপুর	আহবায়ক
২	উপজেলা কৃষি কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৩	উপজেলা মৎস্য কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৪	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য

শিক্ষা উপকরণ ক্রয়:

ক্র: নং	নাম ও পদবি	ঠিকানা	পদবি
১	উপজেলা শিক্ষা কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	আহবায়ক
২	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৩	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৪	উপসহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য
৫	উপজেলা সমাজসেবা কর্মকর্তা	ফুলবাড়ী, দিনাজপুর	সদস্য

- ৫। সেলাই মেশিন ক্রয় ও শিক্ষা উপকরণ ক্রয় সংশ্লিষ্ট সকলকে ক্রয় সংক্রান্ত যথাযথ বিধি বিধান অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ৬। সেলাই প্রশিক্ষক নিয়োগ উপ কমিটির সুপারিশের প্রেক্ষিতে জনাব মোছা: ফরিদা পারভীন, পিতা- মো: অহিদুল ইসলাম, মাতা- মোছা: জোসনা বেগম, গ্রাম- দাদপুর, উপজেলা ফুলবাড়ী, দিনাজপুরকে সেলাই প্রশিক্ষক হিসেবে নিয়োগের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো।
- ৭। সেলাই প্রশিক্ষণ পর্যবেক্ষণ উপ কমিটিকে সেলাই প্রশিক্ষণকালীন সময়ে সার্বিক পর্যবেক্ষণ করে ১৫ (পনের) দিন পর পর কেন্দ্রীয় কমিটি বরাবর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হলো।

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় প্রকল্পটি সফলভাবে বাস্তবায়নে সভাপতি সকল সদস্যের সার্বিক সহযোগীতা কামনা করেন এবং উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: আব্দুস সাব্বাস চৌধুরী)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

“বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম ব্যতীত) শীর্ষক কর্মসূচি
প্রকল্প বাস্তবায়ন কমিটি
ফুলবাড়ী, দিনাজপুর।
ফোন- ০৫৩২৭-৫৬২৩১

ই-মেইলঃ unofulbaridinajpur@moestab.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলীর কার্যালয়
ফুলবাড়ী, দিনাজপুর।

স্মারক নং- ৪৬.০২.২৭৩৮.০০০.১৪.০৫৬.১৮. ৫৮২

তারিখঃ ০৬ অগ্রহায়ণ, ১৪২৫ বঙ্গাব্দ
২০ নভেম্বর, ২০১৮ খ্রি:

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে:

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। জেলা প্রশাসক, দিনাজপুর।
- ০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, দিনাজপুর।
- ০৪। গবেষণা কর্মকর্তা, প্রধানমন্ত্রীর কার্যালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। উপজেলা কর্মকর্তা, ফুলবাড়ী, দিনাজপুর।
- ০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), ফুলবাড়ী, দিনাজপুর।
- ০৭। সভাপতি/সম্পাদক, ফুলবাড়ী, দিনাজপুর।
- ০৮। জনাব, ফুলবাড়ী, দিনাজপুর।
- ০৯। অফিস কপি।


20/11/18

(মো: শাহিদুলজামান)
উপজেলা প্রকৌশলী

ও

সদস্য সচিব

“বিশেষ এলাকার জন্য উন্নয়ন সহায়তা (পার্বত্য চট্টগ্রাম
ব্যতীত)” শীর্ষক কর্মসূচি
ফুলবাড়ী, দিনাজপুর।